

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)
মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
নায়েম রোড, ধানমন্ডি, ঢাকা ১২০৫



নম্বর: ৩৭.০৪.২৬৬৩.২০০.৩১.০২০.১৫(পার্ট-১)/৭৫৫


তারিখ: ২৩/০৬/২০২২ বঙ্গাব্দ
২৬/০৬/২০২২ খ্রিষ্টাব্দ

বিষয়: বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তাগণের জন্য অনুষ্ঠিতব্য ৪৭তম শিক্ষা গবেষণা পদ্ধতি প্রশিক্ষণ কোর্সে মনোনয়ন

উপর্যুক্ত বিষয়ের পরিশ্রেক্ষেতে তাঁকে জানানো যাচ্ছে যে, বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তাগণের জন্য ৪৭তম শিক্ষা গবেষণা পদ্ধতি প্রশিক্ষণ কোর্স আগামী ১১/১০/২০২২ থেকে ২৪/১১/২০২২ খ্রি. তারিখ (২৬ শে আশ্বিন - ৯ই অগ্রহায়ণ ১৪২৯ বঙ্গাব্দ) পর্যন্ত নায়েমে অনুষ্ঠিত হবে। এই কোর্সের প্রশিক্ষণার্থী হিসেবে তাঁকে নির্দেশক্রমে মনোনয়ন দেয়া হয়েছে। আগামী ১১/১০/২০২২ খ্রি. তারিখ সোমবার সকাল ০৮.০০টায় নায়েম-প্রশাসনিক ভবনের নিচতলায় ওয়ান-স্টপ সার্ভিস সেন্টারে তাঁকে রিপোর্ট করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

নিম্নলিখিত বিষয়সমূহের প্রতি তাঁর দৃষ্টি আকর্ষণ করছি :

১. প্রশিক্ষণকোর্সের কার্যক্রম প্রতিদিন সকাল ০৮.০০টা থেকে বিকাল ০৩.০০টা পর্যন্ত চলবে, তবে অনিবার্য কারণে তা পরিবর্তন ও পরিবর্তন করা হবে।
২. হোস্টেলে আসন খালি থাকা সাপেক্ষে প্রশিক্ষণার্থীগণের আবাসনের ব্যবস্থা করা হবে;
৩. প্রশিক্ষণার্থীগণের ব্যক্তিগত ব্যয় যেমন- খাবার, শিক্ষাসফর ও অন্যান্য আনুষঙ্গিক ব্যয় নির্বাহের জন্য প্রত্যেককে কমপক্ষে ১৭,০০০.০০ (সতের হাজার টাকা) সাথে আনার জন্য অনুরোধ করা হলো;
৪. বিধি মোতাবেক অংশগ্রহণকারীকে ভ্রমণ ও দৈনিক ভাতা নায়েম থেকে প্রদান করা হবে। প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থীগণকে এ অফিসে ভ্রমণ ও দৈনিক ভাতার বিল জমা দিতে হবে। প্রাপ্ত বিল শিক্ষা মন্ত্রণালয়ের প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার অফিস হতে অনুমোদিত হওয়ার পর প্রশিক্ষণার্থীগণের নিজ নিজ ব্যাংক হিসাবে অর্থ স্থানান্তর করা হবে;
৫. প্রশিক্ষণার্থীকে দুই কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি, ক্যালকুলেটর, ল্যাপটপ, মাপনি ক্লেস, রাজস্ব টিকেট, পূরণকৃত ব্যাংক হিসাবের তথ্য-ফরম (সংযুক্ত) এবং প্রতিষ্ঠান প্রধানের ছাড়পত্র সংগে আনতে হবে;
৬. ইতোপূর্বে যারা এ কোর্সে অংশগ্রহণ করেছেন, তাঁদের ক্ষেত্রে এ মনোনয়ন প্রযোজ্য হবে না;
৭. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ এর স্মারক নম্বর মাউশিপ্র/বা-ইউ/৫২৮০ তারিখ ১০-০১-৯৯ এবং ৩৭.০২.০০০০.১১০.১৮.৪১.২০১৬-২৬৫ তারিখ ০৭/০৩/২০১৬ খ্রি. অনুসারে মনোনীত কর্মকর্তাগণের এ কোর্সে অংশগ্রহণ বাধ্যতামূলক। প্রশিক্ষণে মনোনীত কর্মকর্তাগণ প্রশিক্ষণ শুরু দিন থেকে তাৎক্ষণিক বিমুক্ত বলে গণ্য হবেন। সুতরাং গ্রহণযোগ্য কারণ ছাড়া প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করা থেকে বিরত থাকলে তাঁর বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে;
৮. প্রশিক্ষণ সম্পর্কিত কোনো তথ্য জানতে ড. মো: সাফায়েত আলম, সহকারী পরিচালক (অর্থ) ও কোর্স সমন্বয়ক (সেল নম্বর : ০১৫৫২৪০৭৬২৮) এবং ড. মোহাম্মদ আব্দুর রহমান মিয়া, সহকারী পরিচালক ও কোর্স সমন্বয়ক (সেল নম্বর : ০১৭১১০০৬৭৭৩) -এর সংগে যোগাযোগ করা যেতে পারে।
৯. আমন্ত্রণপত্র ও প্রশিক্ষণার্থীগণের তালিকা www.naem.gov.bd-এ ওয়েব সাইটে পাওয়া যাবে;
১০. প্রশিক্ষণার্থীগণের কমপক্ষে ১টি কোভিড-১৯-এর টিকা গ্রহণের সনদ থাকতে হবে এবং তা প্রশিক্ষণ শুরুর প্রাক্কালে নায়েম কর্তৃপক্ষের নিকট প্রদর্শন করতে হবে;
১১. মনোনীত শিক্ষক কর্মকর্তা কোর্স শুরুর ০৩ (তিন) দিন পূর্বে নায়েম ওয়েবসাইট www.naem.gov.bd এর প্রশিক্ষণ সংক্রান্ত মেনুর অনলাইন রেজিস্ট্রেশন থেকে ফর্ম পূরণ পূর্বক কোর্সে যোগদান করবেন।


(প্রফেসর ড. উম্মে আসমা)
প্রশিক্ষণ বিশেষজ্ঞ
ও কোর্স পরিচালক
৪৭তম শিক্ষা গবেষণা পদ্ধতি প্রশিক্ষণ কোর্স
info@naem.gov.bd

প্রাপক :


.....

নং: ৩৭.০৪.২৬৬৩.২০০.৩১.০২০.১৫ (পার্ট-১/৭৫৫(৩৫))

তারিখ: ২৩/০৬/২০২২ বঙ্গাব্দ
২৬/০৬/২০২২ খ্রিষ্টাব্দ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, শিক্ষাভবন, ঢাকা (আমন্ত্রণপত্র ও মনোনীত প্রশিক্ষণার্থীর তালিকাসহ)
- ২-৫. পরিচালক, পরি. ও উন্ন./প্রশি. ও বাস্ত./গবে. ও তথ্যা./প্রশা. ও অর্থ নায়েম, ঢাকা
৬. অধ্যক্ষ
- (মনোনীত ব্যক্তি অন্যান্য বদলি হলে পত্রটি তাঁর বর্তমান কর্মস্থলে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)
৭. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা
- ৮-১০. উপ-পরিচালক, প্রশিক্ষণ ও বাস্তবায়ন/প্রশাসন ও অর্থ, নায়েম
১১. সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১২. হোস্টেল সুপারিনটেন্ডেন্ট (সকল), নায়েম, ঢাকা
১৩. কম্পিউটার প্রোগ্রামার, নায়েম, ঢাকা (প্রশিক্ষণার্থীগণের তালিকা ও আমন্ত্রণপত্র নায়েম ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)
১৪. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, নায়েম, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৫. অফিস নাথি


(ড. মো. সাফায়েত আলম)
সহকারী পরিচালক (অর্থ)

ও কোর্স সমন্বয়ক
৪৭তম শিক্ষা গবেষণা পদ্ধতি প্রশিক্ষণ কোর্স
ফোন: ০১৫৫২৪০৭৬২৮